

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং : ৩৪.০১.০০০০.০৩৬.৩৮.০০১.১২(অংশ-১)- ২৭২

তারিখ : ২২/১০/২০২০

বিষয়ঃ বাস্তব ও আর্থিক অগ্রগতির অসামঞ্জস্য সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরে আপনার উপজেলা থেকে প্রেরিত আগস্ট’১৫ ইং মাসের আর্থিক প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় বরাদ্দের কোন খাতেই খরচ দেখানো হয়নি। অথচ প্রশিক্ষণ প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, আপনার উপজেলায় ১/২/৩ টি ব্যাচ এর প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। এখানে উল্লেখ্য যে, প্রশিক্ষণ প্রদান করার জন্যই মূলত বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দের কোন অর্থ খরচ না করে কিভাবে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তা বোধগম্য নয়। আপনি অবগত আছেন যে, প্রশিক্ষণ প্রদানের জন্য ভ্রমণ খাতে ৭৫০০ টাকা, স্টেশনারী ও সীল খাতে ৩৭৫০ টাকা, প্রশিক্ষণ খাতে ৯০০০ টাকা, সম্মানী খাতে ৬০০০০ টাকা, অন্যান্য খাতে ৩৭৫০ টাকা, মটরযান খাতে ৩০০০ টাকা, পেট্রোল ও লুব্রিক্যান্ট খাতে ১০,০০০ টাকা এবং স্ট্যাম্প খাতে ১০০০ টাকা(যদি থাকে) বরাদ্দ প্রদান করা হয়েছে। উল্লেখিত প্রত্যেকটি খাতের অর্থ প্রশিক্ষণের সাথে সম্পর্কযুক্ত। সরকারী যে সকল কর্মকাণ্ডের সাথে অর্থ ব্যয় প্রয়োজন সে সকল কর্মকাণ্ড এবং প্রশিক্ষণ শেষে এক সপ্তাহের মধ্যেই অর্থ ব্যয় নিশ্চিত করতে হবে। প্রশিক্ষণের জন্য সরকারী বিধিবদ্ধ নিয়ম অনুসরণ পূর্বক অর্থ ব্যয় করতে হবে। এখানে উল্লেখ্য যে, মাঠ পর্যায়ে যদি সঠিক সময়ে ব্যয় এর বিবরণী না দেখানো হয় তাহলে পরবর্তী কিস্তি ছাড় পেতে অসুবিধা হয়। বাস্তব অগ্রগতি ও আর্থিক ব্যয়ের মধ্যে সামঞ্জস্য রাখা প্রয়োজন।

বর্ণিত অবস্থায়, প্রশিক্ষণ ও আর্থিক প্রতিবেদনের গড়মিলকে দায়িত্ব কর্তব্যে অবহেলা বলে গণ্য হবে এবং সঠিক প্রশিক্ষণ ও আর্থিক প্রতিবেদন যথা সময়ে প্রেরণ নিশ্চিত করতে পুনরায় অনুরোধ করা হলো।

(এ,এইচ,এম সামসুজ্জামান)

প্রকল্প পরিচালক(উপ-সচিব)

“কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা

পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প”

যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ৭১২০৬৬০

প্রাপকঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,  
-----উপজেলা,  
.....জেলা।

বিতরণঃ

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,..... জেলা ((তাকে নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ সমাপ্ত ও আর্থিক প্রতিবেদন মনিটরিং জোরদার করার জন্য এবং উল্লেখিত মাসিক প্রতিবেদনসমূহ পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে প্রকল্প পরিচালক বরাবরে পৌছানোর বিষয়টি নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হলো)।
- ০২। প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা(আপনাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। মহা-পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৪। অফিস কপি।

বিঃদ্রঃ জেলার উপ-পরিচালকগণ/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণকে প্রতি নিয়ত যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইট থেকে পত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।